



تعليم، شباب ورياضة (الجمهورية)

الجمهورية العربية السورية - دمشق

Job Category: Law/Legal

Job Source: سورية سورية سورية

Job Summary

Posted On: 5 Sep 2024

Application Deadline: 22 Sep 2024



বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)

লিগ্যাল এডভাইজার (রিটেইনার) ও প্যানেল এডভোকেট নিয়োগ বিজ্ঞপ্তি।

বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, কুমিল্লা-এর পক্ষে ঢাকা, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, ফেনী, নোয়াখালী ও চাঁদপুর জেলার বিভিন্ন আদালতে মামলা পরিচালনা এবং বিভিন্ন বিষয়ে আইনগত পরামর্শ প্রদানের প্রয়োজনে কুমিল্লা এলাকার জন্য একজন লিগ্যাল এডভাইজার (রিটেইনার) ও দুইজন প্যানেল এডভোকেট, ঢাকা এলাকার জন্য চারজন প্যানেল এডভোকেট, ব্রাহ্মণবাড়িয়া এলাকার জন্য দুইজন প্যানেল এডভোকেট এবং চাঁদপুর, ফেনী ও নোয়াখালী এলাকার জন্য একজন করে প্যানেল এডভোকেট দুই বৎসরের জন্য নিয়োগ করা হবে। আইন উপদেষ্টা নিয়োগ ও প্যানেলভুক্তির নিমিত্ত ঢাকা, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, ফেনী ও নোয়াখালী জেলার আওতাভুক্ত আইনজীবী সমিতির সদস্য আইনজীবীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে সাদা কাগজে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

- ১। ঢাকা এলাকায় আইনজীবী হিসেবে দেওয়ানী আদালতে মামলা পরিচালনার কাজে ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন (তন্মধ্যে ৫ বৎসর উচ্চ আদালতের অভিজ্ঞতাসহ) হতে হবে। বার-এ্যাট-ল/এল.এল.এম ডিগ্রিধারী অথবা আইনের যে কোন বিষয়ের উপর ডক্টরেট ডিগ্রিধারী এডভোকেটকে অগ্রাধিকার দেওয়া হবে। ঢাকা ব্যতীত অন্যান্য এলাকার আইনজীবীগণের ক্ষেত্রে দেওয়ানী/ফৌজদারি আদালতে মামলা পরিচালনার কাজে ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।
- ২। অবসরপ্রাপ্ত জেলা জজ (অনূর্ধ্ব পঁয়ষট্টি বৎসর বয়স) যারা আইন পেশায় কর্মরত আছেন তাঁরা আইন উপদেষ্টা/প্যানেলভুক্তির জন্য আবেদন করতে পারবেন।
- ৩। আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবীগণের মেয়াদকাল ০২ (দুই) বছর বলবৎ থাকবে। অব্যাহতি/পদত্যাগের ক্ষেত্রে যে কোন পক্ষের ৩০ (ত্রিশ) দিনের নোটিশ প্রদানপূর্বক কার্যকরী হবে।
- ৪। আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবীগণের ক্ষেত্রে সাধারণ আইনে মামলা পরিচালনার পাশাপাশি বাংলাদেশ গ্যাস আইন, কোম্পানি আইন, বাণিজ্যিক আইন, শ্রম আইনের মামলা পরিচালনায় অভিজ্ঞ আইনজীবীদেরকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- ৫। আইন উপদেষ্টা হিসেবে নিয়োগপ্রাপ্তির পর সংশ্লিষ্ট আইন উপদেষ্টা প্রতি মাসে রিটেইনার ফি বাবদ ৬১,০০০.০০ (এক হাজার) টাকা পাবেন। নিয়োজিত আইন উপদেষ্টা ও প্যানেলভুক্ত আইনজীবীগণ আদালতে মোকদ্দমা দায়ের ও পরিচালনার জন্য পৃথকভাবে বিজিডিসিএল-এর নির্ধারিত হারে ফি পাবেন। আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবীগণের জন্য প্রযোজ্য রোট সিডিউল কোম্পানির প্রধান কার্যালয়ের আইন শাখা হতে সংগ্রহ করা যাবে।
- ৬। আবেদনকারী আইনজীবীগণ অন্য কোন প্রতিষ্ঠানের আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী হিসেবে কর্মরত থাকলে তা আবেদনে উল্লেখ করতে হবে এবং বিজিডিসিএল-এর আইন উপদেষ্টা বা প্যানেলে নিয়োজিত থাকাকালে অত্র প্রতিষ্ঠানের স্বার্থবিরোধী কোন প্রতিষ্ঠানের/ব্যক্তির আইনজীবী হিসেবে কাজ করতে পারবেন না।
- ৭। ২ (দুই) কপি আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম/স্বামীর নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা উল্লেখক্রমে আবেদনকারীর সকল শিক্ষাগত সনদ, জাতীয় পরিচয়পত্র, নাগরিকত্ব সনদ (যদি থাকে), বাংলাদেশ বার কাউন্সিল সনদ, সংশ্লিষ্ট বারের সদস্য পদের প্রমাণক ও অন্যান্য অভিজ্ঞতার সনদ থাকলে সকল সনদের সত্যায়িত ২ (দুই) কপি এবং প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি সদ্য তোলা ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করে এ বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ (পনের) দিনের মধ্যে কোম্পানি সচিব, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, প্রধান কার্যালয়, চাঁদপুর, কুমিল্লা-এর বরাবরে অবশ্যই পৌঁছাতে হবে।
- ৮। দরখাস্ত এবং খামের উপর আইন উপদেষ্টা/প্যানেল এডভোকেট পদের জন্য আবেদনপত্র কথাগুলো লিখা থাকতে হবে।
- ৯। এই নিয়োগ বিজ্ঞপ্তি বিজিডিসিএল এবং পেট্রোবাংলার ওয়েবসাইটেও (www.bgdl.gov.bd ও www.petrobangla.org.bd) পাওয়া যাবে।
- ১০। গত ২৫/০৪/২০২৪ তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তির আলোকে যারা ইতোপূর্বে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

কোম্পানি সচিব
বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
কুমিল্লা।